দৈনিক ইত্তেফাক

তারিখ 29 DEC 1992
পৃষ্ঠা ৯ কলাম ৬

46

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনের প্রতি সরকার নজর দিবেন

................................ প্রধানমন্ত্রী

বাসস ।। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এম আনিসুর রহমানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেট সদস্য ও শিক্ষকগণ গতকাল সোমবার সন্ধ্যায় রাজশাহীতে প্রধানমন্ত্রী বেগম

(১১শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

খালেদা জিয়ার সঙ্গে তাঁহার সচিবালয়ে সাক্ষাৎ করেন।

বেগম জিয়া তাহাদের বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আশু চাহিদা ও প্রয়োজনের প্রতি সরকার নজর দিবেন। তিনি সেসন জট নিরসনে পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন।

প্রধানমন্ত্রী বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ের জন্য একটি এ্যাম্বুলেন্স দিবেন। তিনি বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সমস্যাও বিবেচনা করিবেন। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এ সময় উপস্থিত ছিলেন।

ইহার আগে ভাইস চ্যান্সেলর আরও শ্রেণী কক্ষ ও আবাসিক সুবিধার প্রয়োজনের কথা প্রধানমন্ত্রীকে অবহিত করেন।